

২০২২

চতুর্থ সেমেস্টার

বাংলা — সাম্মানিক

পত্র : CC-10

(প্রবন্ধ ও বিবিধ রচনা) MURALIDHAR GIRLS' COLLEGE  
LIBRARY

পূর্ণমান - ৬৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।  
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।১। (ক) 'কমলাকান্তের দপ্তর'-এর 'আমার মন' রচনাটিতে কমলাকান্তের আত্মোপলব্ধির যে পরিচয় ফুটে উঠেছে তা আলোচনা করে  
বুঝিয়ে দাও। ১০

অথবা,

(খ) 'শিক্ষা ও বিজ্ঞান' প্রবন্ধে লেখক মাতৃভাষার মাধ্যমে শিক্ষাদানের স্বপক্ষে যে মতামত প্রদর্শন করেছেন তা ব্যাখ্যা করে বুঝিয়ে  
দাও। ১০

২। (ক) "সৌন্দর্য্যমূর্তি মঙ্গলের পূর্ণমূর্তি এবং মঙ্গলমূর্তি সৌন্দর্য্যের পূর্ণস্বরূপ।" — আলোচনা করো। ১০

অথবা,

(খ) 'উপন্যাস ও সমাজবাস্তবতা' প্রবন্ধে প্রাবন্ধিক তারাকঙ্কর বন্দ্যোপাধ্যায় ও মানিক বন্দ্যোপাধ্যায়ের উপন্যাসে সমাজবাস্তবতার  
স্বরূপ সম্পর্কে যে মতামত ব্যক্ত করেছেন সংক্ষেপে তার পরিচয় দাও। ১০

৩। (ক) ছিন্নপত্র পর্বের নদীপথের ও গ্রাম্য সংসারের বহু দৃশ্য ও ঘটনা ছোটগল্পের রূপ নিয়েছিল। — বিষয়টি বিশদ করো। ১০

অথবা,

(খ) ছিন্নপত্রকে চিঠি না বলে ডায়ারিও বলা যেতে পারে। — যুক্তিসহ আলোচনা করো। ১০

৪। (ক) "আমরা কি হিন্দুর মেয়ে যে, পুড়িয়া মরিতে পাব না?" — পতঙ্গের এই বক্তব্যের যথার্থ্য বিচার করো। ৫

অথবা,

(খ) 'সাহিত্যের রাজনীতি' প্রবন্ধে লেখক 'সমস্যা ত্রিবিধ' বলতে কী বুঝিয়েছেন? ৫

৫। (ক) "সাহিত্যের বিষয় মানবহৃদয় ও মানবচরিত্র।" — সংক্ষেপে ব্যাখ্যা করো। ৫

অথবা,

(খ) "এই প্রথম রবীন্দ্রনাথের মায়াজাল ভাঙলো।" — উক্তিটির তাৎপর্য বিচার করো। ৫

Please Turn Over

৬। (ক) “মানুষের মনখানাও ঠিক ঐ প্রকাণ্ড প্রকৃতির মতো রহস্যময়।” — প্রসঙ্গ উল্লেখ করে বিশ্লেষণ করো। ৫

অথবা:

(খ) ‘ছিন্নপত্র’-র ৬৪ সংখ্যক পত্রটির বিষয় সংক্ষেপে আলোচনা করো। ৫

৭। (ক) কমলাকান্ত আফিমের নেশায় তন্দ্রাচ্ছন্ন হয়ে কী উপলব্ধি করেছেন তা ‘বিড়াল’ প্রবন্ধটি অবলম্বনে সংক্ষেপে আলোচনা করো। ৫

অথবা:

(খ) “মানব-সত্য নিয়েই আধুনিক সাহিত্য।” — ‘আধুনিক সাহিত্য’ প্রবন্ধ অবলম্বনে সংক্ষেপে বুঝিয়ে দাও। ৫

অথবা:

(গ) “আমার এই দরিদ্র চাষী প্রজাগুলোকে দেখলে আমার ভারি মায়ী করে।” — কোন পত্রের অংশ? রবীন্দ্রনাথের এই মমত্ববোধের কারণ কী? ৫

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) “আমার শরীর কণ্টকিত হইল” — কেন শরীর কণ্টকিত হল?

(খ) ‘কমলাকান্তের দপ্তর’ গ্রন্থ আকারে কবে প্রথম প্রকাশিত হয়েছিল?

(গ) তক্ষশীলা কী?

(ঘ) প্রথম মহাযুদ্ধ কবে হয়?

(ঙ) ‘বন্দেমাতরম্’ পত্রিকার সম্পাদক কে?

(চ) প্লেটো তাঁর কোন গ্রন্থে কাব্যের বিরুদ্ধে জেহাদ ঘোষণা করেছিলেন?

(ছ) ষড়ঋণ কী?

(জ) রবীন্দ্রনাথের পরে বাংলা ভাষার ‘প্রথম মৌলিক কবি’ হিসাবে বুদ্ধদেব বসু কোন কবিকে চিহ্নিত করেছিলেন?

(ঝ) ‘National Self’ কী?

(ঞ) ‘ফিটফাট সাংবাদিকতা’ কোন কবির ছিল?

MURALIDHAR GIRLS' COLLEGE  
LIBRARY

(ট) ‘ছিন্নপত্র’-এর বেশিরভাগ চিঠি কাকে লেখা?

(ঠ) ‘ছিন্নপত্র’-র কত সংখ্যক পত্রে ‘বসুন্ধরা’ কবিতার আভাস রয়েছে?

(ড) কমলাকান্ত কাকে দখীচি বলেছেন?

(ঢ) রবীন্দ্রনাথের ‘সাহিত্য’ গ্রন্থটি কবে প্রথম প্রকাশিত হয়েছিল?

(ণ) “মন প্রকৃতির আরশি নহে, সাহিত্যও প্রকৃতির আরশি নহে” — কোন প্রবন্ধের অংশ?